লালমনিরহাট ছাত্রলীগ জাসদ কমিটি গঠন নিয়ে উত্তেজনা

ছাত্রলীগ জাসদ লালমনিরহাট জেলা শাখার সম্মেলনে কমিটি অনুমোদন না দিয়ে সভাস্থল ত্যাগ করায় ছাত্রলীগ জাসদ কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও স্থানীয় নেতৃবৃন্দের মাঝে বাকবিতন্ডা ও উত্তেজনাকর পরিবেশের সৃষ্টি হয়। গত মঙ্গলবার বিকালে শহরের রেলওয়ে মুক্তমঞ্চে সম্মেলন চলাকালীন সময়ে এ ঘটনা ঘটে।

জানাগেছে, দীর্ঘদিন পর লালমনিরহাট ছাত্রলীগ জাসদ জেলা কমিটি গঠনের উদ্দেশ্যে দ্বি-বার্ষিক সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন, ছাত্রলীগ জাসদ কেন্দ্রীয় সংসদ-এর সভাপতি আহসান হাবীব শামীম। বিশেষ অতিথি ছিলেন, জাসদ কেন্দ্রীয় সংসদ-এর সহ সভাপতি ও রংপর জেলা শাখার সভাপতি ওসমান গনিসহ ছাত্রলীগ জাসদ কেন্দ্রীয় সংসদের অন্যান্য নেতৃবৃন্দ। সম্মেলনের প্রথম পর্বে আলোচনা সভা শেষে ছাত্রলীগ জাসদ লালমনিরহাট জেলা শাখার কমিটি ঘোষনা করেন, জেলা জাসদ-এর সাবেক সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম রাজু। এতে ক্ষুব্ধ হয়ে সভাস্থল ত্যাগ করলে ছাত্রলীগ জাসদ কেন্দ্রীয় নেতৃবৃন্দ স্থানীয় নেতৃবৃন্দের তোপের মুখে পড়েন। শুরু হয় হট্টগোল। কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও ছাত্রলীগ জাসদ স্থানীয় নেতৃবৃন্দের মাঝে বাকবিতন্ডা ও উত্তেজনাকর পরিবেশের সৃষ্টি হয়। এক পর্যায়ে থানা পুলিশের সহায়তায় কেন্দ্রীয় নেতৃবৃন্দ জাসদ জেলা অফিসে গিয়ে কমিটি অনুমোদন দেয়ার কথা বলে কৌশলে থানায় গিয়ে স্থানীয় জাসদ নেতৃবৃন্দের নানে অভিযোগ দায়ের করেন এবং সংবাদ সম্মেলন করে সন্ধ্যায় ঢাকার উদ্দেশ্যে রওনা দেন।

এদিকে দীর্ঘদিন পর ছাত্রলীগ জাসদের সম্মেলন হওয়ার পরেও কমিটি গঠন না হওয়ায় ছাত্রলীগ জাসদ জেলা কমিটির পদ প্রার্থীরা পাল্টা কেন্দ্রীয় নেতৃবৃন্দের নামে থানায় অভিযোগ দায়ের করেন এবং সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে তারা বলেন, কেন্দ্রীয় নেতৃবৃন্দ কমিটি অনুমোদন না দিয়ে জেলা জাসদের নামে মিথ্যা ও বানোয়াট অভিযোগ করে দলের ভাবমুর্তি ক্ষুন্ন করেছেন।
স

ম্মেলনে আমন্ত্রিত অতিথির বক্তব্য রাখেন, লালমনিরহাট জেলা জাসদ আহ্বায়ক হাসমাত আলী, জেলা জাসদ সাবেক সভাপতি এম খোরশেদ আলম,

সাবেক সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম রাজু প্রমুখ। বক্তব্য রাখেন, ছাত্রলীগ জাসদ কেন্দ্রীয় সংসদ-এর অর্থ বিষয়ক সম্পাদক সুমন্ত রায়, ছাত্রলীগ জাসদ রংপুর জেলার সাধারন সম্পাদক জুয়েল রানা প্রামাণিক, গাইবান্ধা জেলা সভাপতি রাকিব হাসান সিমান্ত, ঠাকুরগাও জেলা সভাপতি আলমগীর হোসেন, দিনাজপুর জেলা সভাপতি মাহবুব হোসেন প্রমুখ। সম্মেলনে জেলা জাসদ নেতা মন্তেজার রহমান মন্টু, বিপ্লব কর্মকার, আব্দুল মতিনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।